

🗏 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২ : ৯০

া আরবি মূল আয়াত:

قَالُوا ءَاِنَّكَ لَانتَ يُوسُفُ ؟ قَالَ أَنَا يُوسُفُ وَ هٰذَا اَخِى قَد مَنَّ اللهُ عَلَينَا ؟ اِنَّهُ مَن يَتَّقِ وَ يَصبِر فَاِنَّ الله لَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ عَلَينَا ؟ اِنَّهُ مَن يَتَّقِ وَ يَصبِر فَاِنَّ الله لَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَلَينَا ؟ اِنَّهُ مَن يَتَّقِ وَ يَصبِر فَاِنَّ الله لَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَلَينَا ؟ اِنَّهُ مَن يَتَّقِ وَ يَصبِر فَاِنَّ الله لَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَلَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَلَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَا مِن يَتَّقِ وَ يَصبِر فَانَ الله لَا يُضِيعُ اَجرَ المُحسِنِينَ هَا مَن يَتَقَ

তারা বলল, 'তুমি কি সত্যিই ইউসুফ'? সে বলল, আমি ইউসুফ, আর এ আমার সহাদের। আল্লাহ আমাদের উপর অনুগ্রহ করেছেন। নিশ্চয় যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করে এবং সবর করে, তবে অবশ্যই আল্লাহ সৎকর্মশীলদের প্রতিদান বিনষ্ট করেন না'। — আল-বায়ান

তারা বলল, 'তাহলে তুমিই কি ইউসুফ?' সে বলল, 'আমিই ইউসুফ আর এটা হল আমার ভাই। আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন। যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করে আর ধৈর্যধারণ করে এমন সৎকর্মশীলদের কর্মফল আল্লাহ কক্ষনো বিনষ্ট করেন না।' — তাইসিরুল

তারা বললঃ তাহলে কি তুমিই ইউসুফ? সে বললঃ আমিই ইউসুফ এবং এই আমার সহোদর; আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন। যে ব্যক্তি মুত্তাকী ও ধৈর্যশীল, আল্লাহ সেইরূপ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেননা। — মুজিবুর রহমান

They said, "Are you indeed Joseph?" He said "I am Joseph, and this is my brother. Allah has certainly favored us. Indeed, he who fears Allah and is patient, then indeed, Allah does not allow to be lost the reward of those who do good." — Sahih International

৯০. তারা বলল, তবে কি তুমিই ইউসুফ? তিনি বললেন, আমিই ইউসুফ এবং এ আমার সহোদর; আল্লাহ তো আমাদের উপর অনুগ্রহ করেছেন।(১) নিশ্চয় যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করে এবং ধৈর্যধারণ করে, তবে নিশ্চয় আল্লাহ্ মুসহিনদের শ্রমফল নষ্ট করেন না।(২)

(১) এরপর ইউসুফ আলাইহিস সালাম বললেন, আল্লাহ তা'আলা আমাদের প্রতি অনুগ্রহ ও কৃপা করেছেন। তিনি আমাদেরকে নাজাত ও কর্তৃত্ব প্রদানের মাধ্যমে বিরাট অনুগ্রহ করেছেন। [কুরতুবী] তিনি আমাদের কষ্টকে সুখে, বিচ্ছেদকে মিলনে এবং অর্থ-সম্পদের স্বল্পতাকে প্রাচুর্যে রূপান্তরিত করেছেন। নিশ্চয়ই যারা পাপ কাজ থেকে



বেঁচে থাকে এবং বিপদাপদে সবর করে, আল্লাহ এহেন সৎকর্মশীলদের প্রতিদান বিনষ্ট করেন না।

(২) এর দ্বারা জানা যায় যে, তাকওয়া অর্থাৎ গোনাহ থেকে বেঁচে থাকা এবং বিপদে সবর ও দৃঢ়তা অবলম্বন, এ দুটি গুণ মানুষকে বিপদাপদ থেকে মুক্তি দেয়। কুরআনুল কারীম অনেক জায়গায় এ দুটি গুণের উপরই মানুষের সাফল্য ও কামিয়াবী নির্ভরশীল বলে উল্লেখ করেছে। বলা হয়েছে, যেমন, অর্থাৎ তোমরা যদি সবর ও তাকওয়া অবলম্বন কর, তবে শক্রদের শক্রতামূলক কলা-কৌশল তোমাদের বিন্দুমাত্র ক্ষতি সাধন করতে পারবে না। [সূরা আলে-ইমরানঃ ১২০]

তাফসীরে জাকারিয়া

- (৯০) তারা বলল, 'তবে কি তুমিই ইউসুফ?'[1] সে বলল, 'আমিই ইউসুফ এবং এই আমার সহোদর; আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন; যে ব্যক্তি সংযম ও ধৈর্য অবলম্বন করে, আল্লাহ সেইরূপ সংকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।' [2]
 - [1] ভায়েরা যখন মিসর-অধিপতির মুখ থেকে সেই ইউসুফের কথা শুনলেন, যাকে বাল্যকালে তাঁরা কানআনের এক অন্ধকার কূপে নিক্ষেপ করে দিয়েছিলেন, তখন তাঁরা অবাক হলেন এবং তাঁর দিকে মনোযোগ সহকারে তাকিয়ে ভাবলেন, ব্যাপার এমন তো নয় যে, যিনি আমাদের সাথে আলাপ করছেন, তিনিই ইউসুফ? তা নাহলে ইউসুফের ঘটনা তিনি কিভাবে জানতে পারলেন? সুতরাং তাঁরা প্রশ্ন করলেন যে, তুমিই ইউসুফ তো নও?
 - [2] প্রশারে জবাবে স্বীকারোক্তির সাথে সাথে আল্লাহর অনুগ্রহের কথা উল্লেখ এবং ধৈর্য ও সংযমের শুভ পরিণামের কথা বর্ণনা করে বললেন যে, তোমরা আমাকে নিঃশেষ করার ষড়যন্ত্রে কোন প্রকার ক্রটি করনি, কিন্তু এটা আল্লাহর দয়া ও মেহেরবানী যে, তিনি না শুধু আমাকে কুয়া থেকে পরিত্রাণ দিলেন; বরং মিসরের রাজত্বও দান করলেন। আর এটা হলো সেই ধৈর্য ও সংযমের সুফল, যার তওফীক আল্লাহ আমাকে দান করেছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1686

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন